

বিদেশী ভাষা- ভাষীদের জন্য স্বাস্থ্য-সেবার বিষয়ে তথ্য

Brighton and Hove
Clinical Commissioning Group

মাথাব্যথা, সর্দি অথবা পেটে অসুখের মত কোন সমস্যা হলে

মাথাব্যথা, সর্দি, এলাজি, গলাব্যথা, পেটে অসুখ বা ত্বকের সমস্যার মত কোন স্বাস্থ্য-সমস্যার বিষয়ে একজন ফার্মাসিস্ট গোপনীয়তা বজায় রেখে আপনাকে বিশেষজ্ঞ পরামর্শ এবং চিকিৎসা দিতে পারবেন। একজন ডাক্তারের সঙ্গে দেখা করা আপনার প্রয়োজন কি না সে বিষয়েও তারা আপনাকে বলবেন। www.nhs.uk এই ওয়েবসাইট থেকে আপনি একটি ফার্মেসী খুঁজে পাবেন। পরামর্শ বিনামূল্যে দেয়া হয়। কোন ঔষধের প্রয়োজন হলে আপনাকে হয়ত তার মূল্য পরিশোধ করতে হতে পারে।

একটি অসুখ নিরাময় না হলে


আপনার একটি অসুখ নিরাময় না হলে আপনাকে হয়তবা একজন ডাক্তারের (জি পি) সঙ্গে দেখা করতে হতে পারে। ব্রাইটন গ্র্যান্ড হোভ - এ ৪৭টি জি পি প্র্যাকটিস রয়েছে এবং আপনার বাসস্থানের নিকটে কোন একটির সঙ্গে আপনার নাম রেজিস্টারী (নিবন্ধন) করতে হবে। আপনার সবচেয়ে নিকটের জি পি প্র্যাকটিসের খোঁজ এবং যোগাযোগের নম্বর পেতে www.nhs.uk এই ওয়েবসাইট দেখুন। অধিকাংশ জি পি প্র্যাকটিস সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকে।

একটি জি পি প্র্যাকটিসে আপনার নাম রেজিস্টারী করার জন্য আপনার পাসপোর্ট, স্টুডেন্ট ভিসা এবং ব্রাইটন গ্র্যান্ড হোভ - এ আপনার ঠিকানার একটি প্রমাণ (যেমন: একটি বিল বা ভাষা শিক্ষার স্কুল থেকে দেয়া কোন কাগজপত্র) সঙ্গে আনতে হবে। জি পি প্র্যাকটিস থেকে আপনাকে একজন জি পি বা একজন নার্সের সঙ্গে সাক্ষাৎ করার বিষয়ে তথ্য দেয়া হবে এবং আপনার জন্য একটি এ্যাপয়েন্টমেন্ট করা হবে। ব্রাইটন গ্র্যান্ড হোভ - এর সকল জি পি সার্ভিস আপনার একটি জি পি বা নার্স এ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার ভাষায় কথা বলতে পারেন এমন একজন দোভাষীর ব্যবস্থা করতে পারবেন। আপনি যখন একটি এ্যাপয়েন্টমেন্ট করেন তখন এর ব্যবস্থা করার জন্য দয়াকরে অনুরোধ করবেন।

সন্ধ্যা ৬টা ৩০মিঃ থেকে ভোর ৮টা পর্যন্ত এবং সাপ্তাহিক ছুটির দিন শনি ও রবিবারে আপনি জি পি-র সঙ্গে প্র্যাকটিস বন্ধ থাকাকালীন সময়ে সেবার জন্য ১১১ নম্বরে ফোন করে যোগাযোগ করতে পারেন। ল্যান্ড লাইন এবং মোবাইল ফোন থেকে বিনা খরচে কল করা যায়।

একজন ডাক্তারের সঙ্গে দেখা করা দরকার অথচ আপনার নাম রেজিস্টারী করা হয় নাই?

আপনার যদি একজন ডাক্তারের সঙ্গে দেখা করা দরকার থাকে অথচ আপনার নাম এখনও রেজিস্টারী করেন নাই তাহলে একটি এ্যাপয়েন্টমেন্ট করা ছাড়াই আপনি ব্রাইটন স্টেশন হেলথ সেন্টারে যেতে পারেন। এটা প্রতি দিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। ঠিকানা হচ্ছে ৮৪-৮৭ কুইন্স রোড, ব্রাইটন, বি এন ১ ৩ এক্স ই। টেলিফোন: 01273 203058



Bengali

টেলিফোনে পরামর্শ

আপনি যদি অসুস্থ বোধ করেন তাহলে ১১১ নম্বরে ডায়াল করে NHS 111 এর কাছ থেকে টেলিফোনে পরামর্শ পেতে পারেন। NHS 111 এ যারা আপনার কলটির জবাব দিবেন তারা আপনাকে বলতে পারবেন আপনার কি একজন ডাক্তারের নিকট নাকি হাসপাতালে যাওয়া উচিত অথবা নিজের ঘরে থেকেই নিজেকে দেখা-শোনা করতে পারেন। NHS 111 এর নিকট বিভিন্ন ভাষায় দোভাষীর ব্যবস্থা রয়েছে, দয়া করে আপনি যখন ফোন করেন তখন কোন ভাষা আপনি ব্যবহার করতে চান তা তাদেরকে জানাবেন।

আপনার দাঁতের সমস্যার জন্য

ব্রাইটন গ্র্যান্ড হোভ -এ বসবাসকারী আপনি দাঁতের যত্নের বিষয়ে কোন সেবা পেতে হলে আপনাকে একজন দন্ত চিকিৎসকের সঙ্গে নাম রেজিস্টারী করতে হবে। এন এইচ এস-এর দন্ত চিকিৎসকদের নামের একটি তালিকা www.nhs.uk এই ওয়েবসাইট থেকে পেতে পারেন। আপনি যদি জরুরীভাবে দন্ত চিকিৎসা পেতে চান তাহলে 0300 1000 899 নম্বরে আপনি ফোন করতে পারেন। দন্ত চিকিৎসার জন্য খরচা কত হবে তা <http://www.nhs.uk/NHSEngland/AboutNHSservices/dentists/> ওয়েবসাইট থেকে পাবেন।

মৃত্যুর হুমকি রয়েছে এমন কোন অসুখ বা মারাত্মক দুর্ঘটনার শিকার হলে

মৃত্যুর হুমকি রয়েছে এমন কোন অসুখ বা মারাত্মক দুর্ঘটনার শিকার হলে আপনি 'এ্যাকসিডেন্ট গ্র্যান্ড ইমার্জেন্সী' বিভাগে আসতে পারেন কিংবা ৯৯৯ নম্বরে এ্যাম্বুল্যান্স সার্ভিসের নিকট ফোন করতে পারেন। ৯৯৯ নম্বরে ফোন করে একটি জরুরী অবস্থার কথা জানালে আপনি যেখানে অবস্থান করছেন সেখানে একটি এ্যাম্বুল্যান্স পাঠানো হবে। আপনার নিকটতম 'এ্যাকসিডেন্ট গ্র্যান্ড ইমার্জেন্সী' বিভাগ কোথায় তা জানতে www.nhs.uk এই ওয়েবসাইট দেখুন।